



জেলা পরিষদ
নেত্রকোণা
www.zpnetrokona.gov.bd

স্মারক নং- ৪৬.০০.৭২০০.০০২.১৪.২৫-২১০

তারিখ : ১৪/০৬/২০২৬ খ্রি

ঠিকাদারী লাইসেন্স নবায়ন/তালিকাভুক্তি বিজ্ঞপ্তি:

এতদ্বারা জেলা পরিষদ, নেত্রকোণা -এর তালিকাভুক্ত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরের ঠিকাদারী লাইসেন্স নবায়ন ও শ্রেণী উন্নীত করণসহ নতুন লাইসেন্স নিবন্ধনের জন্য ০১ জুলাই/২০২৬ হইতে ০২ আগস্ট/২০২৬ পর্যন্ত সময় নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে জেলা পরিষদ, নেত্রকোণাতে তালিকাভুক্ত ঠিকাদারগণ তাদের ঠিকাদারী লাইসেন্স নবায়ন সম্পন্ন ও শ্রেণী উন্নীত করণ এবং নতুন লাইসেন্স নিবন্ধনে আগ্রহী ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ফরমে আবেদন দাখিল করার জন্য বিজ্ঞপ্তি প্রচার করা হলো। জেলা পরিষদ, নেত্রকোণাতে তালিকাভুক্ত ঠিকাদারগণ বর্ধিত সময়ের মধ্যে নির্ধারিত ফি ড্যাটসহ টাকা জমা পূর্বক তাদের লাইসেন্স নবায়ন করতে পারবেন। নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়ন করতে ব্যর্থ হলে নির্ধারিত ফি এর সাথে ১০০% জরিমানাসহ জমা সাপেক্ষে নবায়ন করতে পারবেন। তবে নতুন লাইসেন্স গ্রহণে আগ্রহী ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানকে ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যে ফরম সংগ্রহ কের প্রয়োজনীয় কাগজপত্র অর্থাৎ (ক) সত্যায়িত পাসপোর্ট সাইজ ০২ (দুই) কপি ছবি (খ) নাগরিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (ঘ) ট্রেড লাইসেন্স সত্যায়িত ফটোকপি (ঙ) আয়কর ও ভ্যাট নিবন্ধন পত্রের সত্যায়িত ফটোকপি (চ) ০৬ (ছয়) মাসের বিবরণীসহ ব্যাংক স্বাক্ষরিত পত্র (ছ) ৩০০/- টাকার ননজুডিশিয়াল ষ্টাম্পে এফিডেভিট পত্রের মূল কপি (জ) অন্য অফিসের লাইসেন্স থাকলে তার সত্যায়িত কপি (ঝ) আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত ফটোকপিসহ আবেদন ফরমে চাহিত তথ্যাবলী সঠিক লিপিবদ্ধ করে আগামী ০২ আগস্ট/২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে জমা প্রদান করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

(মোহাম্মদ সোহেল রানা)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, নেত্রকোণা।

স্মারক নং- ৪৬.০০.৭২০০.০০২.১৪.২৫-২১০(৩০০)
অনুলিপিঃ সদয় অবগতি ও বহল প্রচারের জন্য প্রেরণ করা হলো।

তারিখ : ১৪/০৬/২০২৬ খ্রি.

- ১। প্রশাসক, জেলা পরিষদ, নেত্রকোণা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা।
- ৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর/ বারহাট্টা/ দুর্গাপুর/ কলমাকান্দা/ আটপাড়া/ কেন্দুয়া/ মদন/ মোহনগঞ্জ/ খালিয়াজুরী, নেত্রকোণা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর/ বারহাট্টা/ দুর্গাপুর/ কলমাকান্দা/ আটপাড়া/ কেন্দুয়া/ মদন/ মোহনগঞ্জ/ খালিয়াজুরী, নেত্রকোণা।
- ৭। বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক বিজ্ঞাপনটি আগামী দৈনিক বাংলার দর্পণ, মোক্তারপাড়া, নেত্রকোণা/দৈনিক জননেত্র মোক্তারপাড়া, নেত্রকোণা ১৭/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে ছুটির দিন ব্যতীত ভেতরের পাতায় স্বল্প পরিসরে ৩ কলামে ৫ ইঞ্চি লম্বার প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৮। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, নেত্রকোণা।
- ৯। অফিস কপি।

(মোহাম্মদ সোহেল রানা)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, নেত্রকোণা।